BSAA Circular No. 61 /2023 Dt: 14-05-2023

CHAIRMAN..............................

SR. VICE CHAIRMAN..............................

''উন্নয়নের অক্সিজেন রাজস্ব''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম
www.chc.gov.bd, E-mail:customhousectg@nbr.gov.bd

''আমার রাজস্ব''

নথি নং: ০৮.০১.১৫২০.০৫০.৭২.০০১.১৯/ ৬৩৭২৪(২) ২০২৩ তারিখ: ০০/০০/২০২৩ খ্রি. 26 APR 2023

বিষয় : ASYCUDA World System এ "ইউজার ম্যানেজমেন্ট সিস্টেম" ব্যবহারের নির্দেশনা বাস্তবায়ন।

সূত্র : জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং: ০৮.০১.০০০০.০৬৬.০৭.০০১.২২/৪৪৭, তারিখ: ০৪.০৯.২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ASYCUDA World System এর ইউজার আইডি ম্যানেজমেন্ট বিষয়ে যাবতীয় কার্যক্রম প্রচলিত ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে অনলাইনে দাখিলের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত ইউজার ম্যানেজমেন্ট সিস্টেম (UMS) কাস্টম হাউস, চট্টগ্রামের জন্য ব্যবহার উপযোগী করে কাস্টমাইজ করা হয়েছে। ASYCUDA World System এ ইউজার আইডি বিষয়ক সকল কার্যক্রম UMS সিস্টেমের মাধ্যমে পরিপালন করার জন্য সূত্রোক্ত পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ সংক্রান্ত একটি ইউজার ম্যানুয়াল https://ums.bdcustoms.gov.bd এবং https://customs.gov.bd ওয়েব সাইট হতে পাওয়া যাবে।

০৩। এমতাবস্থায়, এ দপ্তর হতে লাইসেন্স প্রাপ্ত সকল স্টেক হোল্ডার (শিপিং এজেন্ট, ফ্রেইট ফরোয়াডার্স, সিএন্ডএফ এজেন্ট) কর্তৃক ASYCUDA World System এর কার্যক্রম (নতুন ইউজার আইডি গ্রহণ, ইউজার আইডিতে তথ্য সংশোধন, ওয়ান টাইম পাসওয়ার্ড (OTP) প্রাপ্তির জন্য মোবাইল নম্বর পরিবর্তন এবং পার্সওয়ার্ড পরিবর্তন) আবশ্যিক ভাবে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত ইউজার ম্যানেজমেন্ট সিস্টেম https://ums.bdcustoms.gov.bd এর মাধ্যমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

Salim 26.04.23

(মোঃ তারেক হাসান)
জয়েন্ট কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

26 APR 2023

প্রাপক (কার্যার্থে):-

০১। সভাপতি, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার (১৩ তলা), ১৭১২ শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম;
০২। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, মক্কা মদিনা ট্রেড সেন্টার (২য় তলা), ৭৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম;
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ ফ্রেইট ফরোয়াডার্স এসোসিয়েশন, আনোয়ার ট্রেড সেন্টার (১০ তলা), ১৭২৮ আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো:-

০১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
০২। অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টম হাউস, চট্টগ্রাম;
০৩। প্রথম সচিব, কাস্টমস অটোমেশন, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
০৪। সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টম হাউস, চট্টগ্রাম;
০৫। সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টম হাউস, চট্টগ্রাম;
০৬। পিএ টু কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৭। অফিস কপি।

BSAA 215
Received
Dated 03-05-23
Signature

E:\Docs\UMS-Letter.doc